দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

21 2002

৫৪ বছরে ২৩টি কমিশন ও কমিটি

# শিক্ষা সংস্কারের কোন রিপোর্টই বাস্তবায়িত হয়নি

রাশেদ আহমেদ ঃ দেশের শিক্ষা ব্যবস্থা পরিবর্তন ও সংস্কারের লক্ষ্যে পাকিস্তান আমল থেকে বাংলাদেশে এ পর্যন্ত গত ৫৪ বছরের ইতিহাসে ২৩টি শিক্ষা কমিশন অথবা শিক্ষা কমিটি গঠিত হয়েছে। ইতোমধ্যে ২২টি কমিটির রিপোর্ট বাস্তবায়নের মুখ দেখেনি। এর কোনটি আন্দোলনের মুখে আবার কোনটি সরকারের বিদায়ের কারণে বাতিল হয়ে গেছে। অথচ এ কমিটিগুলোর রিপোর্ট তৈরির জন্য সরকারের কোষাগার থেকে খরচ করা হয়েছে বিপুল পরিমাণ অর্থ। আশ্চর্যের বিষয় হচ্ছে প্রত্যেকটি সরকারই ক্ষমতায় বসে শিক্ষা ব্যবস্থার আমুল পরিবর্তনের জন্য শিক্ষা কমিশন অথবা কমিটি গঠন করে। কমিটি রিপোর্টও প্রদান করে; কিন্তু সরকারের বিদায়ের সঙ্গে সে রিপোর্ট বস্তাবন্দি হয়ে যায়।

চারদলীয় জোট ক্ষমতায় আসার পর গত আওয়ামী লীগ সরকারের শেষ দিকে প্রণীত শিক্ষানীতির ধারাবাহিকতা রক্ষা না করে শিক্ষা ব্যবস্থায় আমুল পরিবর্তন করার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক এম. ঐ বারির নেতৃত্বে ২৪শে ডিসেম্বর শিক্ষা সংস্কার সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটি গঠন করে। ১৮ই জুলাই বৃহস্পতিবার এ কমিটি তাদের রিপোর্ট প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কাছে হস্তান্তর করে। ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধ করার প্রস্তাবের এ রিপোর্ট নিয়ে তীব্র প্রতিক্রিয়া হওয়ায় রিপোর্টের বাস্তবায়ন ইতোমধ্যে প্রশ্নবিদ্ধ হয়ে পড়েছে। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় বসে ১৯৯৭ সালের ১৪ই জানুয়ারি অধ্যাপক শামসুল হককে চেয়ারম্যান করে একটি শিক্ষা কমিশন গঠন করেছিল। ড. কুদরত-ই খুদার শিক্ষানীতির আলোকে এ কমিশন একটি রিপোর্ট জমা দেয় একই বছর সেপ্টেম্বরে। পরে এটি বাস্তবায়নের লক্ষ্যে একটি বাস্তবায়ন কমিটি গঠন করে দেয়া হয়েছিল। ড. নজরুল শিক্ষা ঃ পৃঃ ২ কঃ৩



...পুর থেকে উদ্ধার হওয়া অপহৃত জসি...

## চ.বির অপহৃত ... উদ্ধার, ...

নিজস্ব বার্তা পরিবেশক ঃ অপহৃত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র জসিম উদ্দিনকে (২৩) ডিবি পুলিশ গতকাল নগরীর শ্যামপুর থেকে উদ্ধার এবং ... অপহরণকারীকে গ্রেফতার করেছে।

গতকাল সকাল সাড়ে ১১টায় ডিবি ...

## দীর্ঘ মেয়া...

জা...

ত...